

১। ক) চিহ্নিত সেবার নামঃ রাইস নলেজ ব্যাংক (আরকেবি) মোবাইল অ্যাপস

খ) সেবা গ্রহণকারী কারাঃ কৃষক, গবেষক, বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ কর্মী, ছাত্র, শিক্ষক

২। ক) সেবাটি বর্তমানে কিভাবে দেওয়া হয়ঃ

- মোবাইল অ্যাপসের মাধ্যমে মাধ্যমে;
- লিফলেট, বুকলেট, ব্রশিয়ার এর মাধ্যমে;
- ব্রি/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মাঠ পর্যায়ে অফিসের মাধ্যমে;
- উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে;
- ইউডিসি এর মাধ্যমে;
- বিভিন্ন সময়ে কৃষক প্রতিনিধিদের নিয়ে আয়োজিত মাঠ দিবসের মাধ্যমে;
- কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে;

খ) চিহ্নিত সেবার বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণঃ

সেবার সমস্যা	সমস্যার কারণ	সেবাগ্রহীতা বা ব্যবহারকারীর ভোগান্তি
ধান উৎপাদনের সর্বশেষ প্রযুক্তি, আধুনিক ধানের চাষাবাদ, রোগবালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা, সার ও পানি ব্যবস্থাপনা, বীজ উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষি যন্ত্রপাতি সম্পর্কে তাৎক্ষণিক সমাধান না পাওয়া।	<ul style="list-style-type: none"> <li>• সর্বশেষ কৃষি প্রযুক্তি সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব;</li> <li>• রোগবোলাই ও দমন পদ্ধতি সম্পর্কে কৃষকদের সঠিক ধারণার/অভিজ্ঞতা না থাকা;</li> <li>• তথ্য আদান-প্রদান ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্যবস্থার পাশাপাশি আধুনিক পদ্ধতির অপ্রতুলতা;</li> <li>• আদর্শ কৃষক দল ( রিসোর্স পুল ) না থাকা;</li> <li>• যথাযথ ফিডব্যাক ব্যবস্থা না থাকা;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• কৃষক প্রত্যাশিত ফলন পাচ্ছেনা</li> <li>• আর্থিক ভাবে ক্ষতি গ্রস্ত হচ্ছে</li> </ul>

সমস্যা ও কারণ সম্পর্কে বিবৃতিঃ (What, where, when, who & how?)

মাঠ পর্যায়ে আধুনিক ধান চাষে উন্নত চাষাবাদ পদ্ধতি, সার ও পানি ব্যবস্থাপনা, রোগবালাই ব্যবস্থাপনা, পোকামাকড় দমন ব্যবস্থাপনা, বীজ উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষি যন্ত্রপাতি সহ ধানের সকল বিষয়গুলোর সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব, সমাধানযোগ্য তথ্যের অপ্রতুলতা, আদর্শ কৃষক দল (রিসোর্স পুল) এবং যথাযথ ফিডব্যাক ব্যবস্থা না থাকার কারণে দেশব্যাপী প্রায় ৪০-৫০% কৃষক ফলন থেকে বঞ্চিত হচ্ছে।

৩। সমস্যাটির ভুক্তভোগী: সাধারণ কৃষক, গবেষক, বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ কর্মী, ছাত্র, শিক্ষক

৪। সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়াটির শিরোনাম: রাইস নলেজ ব্যাংক (আরকেবি) মোবাইল অ্যাপস

৫। রাইস নলেজ ব্যাংক মোবাইল অ্যাপস পরিচিতি : রাইস নলেজ ব্যাংক (আরকেবি) একটি ডায়নামিক মোবাইল অ্যাপ্লিকেশন, যা মোবাইল ভিত্তিক জ্ঞান ভান্ডার। ব্রি উদ্ভাবিত ধানের জাত ও আধুনিক ধানের চাষাবাদ পদ্ধতি এবং কৃষি যন্ত্রপাতি প্রযুক্তির তথ্য দিয়ে তৈরী “রাইস নলেজ ব্যাংক” অ্যাপসটি মূলতঃ ধানের চাষাবাদ প্রযুক্তি বিষয়ক একটি মোবাইল অ্যাপ্লিকেশন। ধান উৎপাদনের সর্বশেষ প্রযুক্তি ও জ্ঞান সংযোজন করে অ্যাপ্লিকেশনটি আধুনিকায়ন করা হয়েছে।

অ্যাপসটির মাধ্যমে ধান চাষের আধুনিক প্রযুক্তি সম্পর্কে বিস্তারিত ধারণা পাওয়া যাবে। পাশাপাশি আধুনিক জাতের ধান এবং এই জাতের ধানগুলোর উন্নত চাষাবাদ পদ্ধতি, সার ও পানি ব্যবস্থাপনা, রোগবালাই ব্যবস্থাপনা, পোকামাকড় দমন ব্যবস্থাপনা, বীজ উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষি যন্ত্রপাতি সহ ধানের সকল বিষয়গুলোর সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করা যাবে। অ্যাপসটি একটি শক্তিশালী মাধ্যম হিসাবে ধান চাষের প্রয়োজনীয় জ্ঞান ও প্রযুক্তি দেশের প্রতিটি কৃষক, গবেষক, বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ কর্মী, ছাত্র, শিক্ষক ও অন্যান্য ব্যবহারকারীদের নিকট পৌঁছে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।